

## মন্ডিয়ল থেকে বিমানের সরাসরি ফ্লাইট চালুর দাবি

- A Monitor Desk Report

Date: 19 November, 2024



**কানাডা: দেশটির মন্ডিয়ল থেকে বাংলাদেশ বিমানের ফ্লাইটের দাবিতে সংবাদ সম্মেলন করেছে মন্ডিয়লে বসবাসরত বাংলাদেশিরা।**

রবিবার (১৭ নভেম্বর) মন্ডিয়ল শহরের একটি প্রার্থনাগারের হল রুমে বাংলাদেশ দূতাবাসের নাগরিক সেবা কার্যক্রম শেষে সংবাদ সম্মেলনে এ দাবি জানায় বাংলাদেশিরা।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, কানাডা বিএনপির সাবেক সভাপতি ফয়সল আহমেদ চৌধুরী, কানাডায় বাংলাদেশ দূতাবাসের উপ-হাইকমিশনার কাজী রাসেল পারভেজ, কুইবেক বিএনপিরসহ সভাপতি নওশাদুল ইসলাম ও দূতাবাস কর্মকর্তারা।

ফয়সল আহমেদ চৌধুরী বলেন, কানাডার দ্বিতীয় বৃহত্তম শহর মন্ডিয়ল ও আশপাশের শহরে প্রায় ৫০ হাজারেরও বেশি বাংলাদেশিদের বসবাস। এই শহর থেকে বাংলাদেশ বিমানের কোনো ফ্লাইট নাই। কিন্তু টরন্টো থেকে বিমানের সপ্তাহে তিনটি ফ্লাইট ছেড়ে যায় বাংলাদেশের উদ্দেশ্যে।

মন্ডিয়ল থেকে বাংলাদেশে যেতে হলে ৬০০ কিলোমিটার দূরের শহর টরন্টো গিয়ে বিমানে যেতে হয়। এতে সময় এবং ভোগান্তিতে পড়তে হয় যাত্রীদের। ভোগান্তি এড়াতে অন্য কোনো দেশের বিমানে বাংলাদেশে যায় প্রবাসীরা। এতে করে রাজস্ব বঞ্চিত হয় বাংলাদেশ বিমান।

তিনি বলেন, মন্ডিয়লবাসীর দীর্ঘদিনের দাবি মন্ডিয়ল থেকে বাংলাদেশ বিমান যেন সপ্তাহে একটি ফ্লাইট পরিচালনা করে। এতে করে মন্ডিয়লসহ আশপাশের শহরে বসবাসরত বাংলাদেশিদের যাতায়াত সহজ হবে।

সংবাদ সম্মেলনে মন্ডিয়লে বসবাসরত বাংলাদেশি নাগরিকরা উপস্থিত ছিলেন।

